রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিএ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ৮ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ২১ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং ৭৭-আইন/২০২৬।**—সরকার, Inland Water Transport Authority Ordinance, 1958 (E.P. Ord. No. LXXV of 1958) এর section 25 এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা অভ্যন্তরীণ নৌপথে স্থাপনা নির্মাণ বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসংগের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"অভ্যন্তরীণ নৌপথ"** অর্থ বাংলাদেশের যেকোনো নদ নদী, খাল, হ্রদ বা অন্যান্য নাব্য জলাশয় যাহা সারা বৎসর অথবা বৎসরের যে কোনো সময়ে যাত্রী, মালামাল ও অন্যান্য সামগ্রী পরিবহন এবং অভ্যন্তরীণ নৌযান চলাচলের জন্য ব্যবহৃত হয় বা ব্যবহৃত হইতে পারে এবং উপকূলীয় নৌপথের যে অংশে অভ্যন্তরীণ নৌযান চলাচল করে উহাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(খ) **"অনুভূমিক ছাড় (Horizontal Clearance)"** অর্থ কোনো সেতু বা ওভারহেড লাইন (Overhead Line) এর নেভিগেশন স্প্যান বা নেভিগেশন স্প্যানসমূহের উভয় প্রান্তের পাইল ক্যাপ (Pile Cap) এর মধ্যবর্তী ন্যূনতম দূরত্ব;

(গ) **"উলম্ব ছাড় (Vertical Clearance)"** অর্থ—

(অ) সেতু বা অনুরূপ স্থাপনার ক্ষেত্রে নেভিগেশন স্প্যান বরাবর SHWL হইতে সেতুর গার্ডার (Girder) বা বীম (Beam) এর তলদেশের মধ্যবর্তী ন্যূনতম দূরত্ব;

(আ) ওভারহেড লাইন (Overhead Line) এর ক্ষেত্রে SHWL হইতে উক্ত লাইনের Maximum Sag Point এর মধ্যবর্তী ন্যূনতম দূরত্ব;

(ঘ) **"কর্তৃপক্ষ"** অর্থ Inland Water Transport Authority Ordinance, 1958 (E.P. Ord. No. LXXV of 1958) এর section 3 এর অধীন প্রতিষ্ঠিত "Bangladesh Inland Water Transport Authority";

(ঙ) **"ছাড়পত্র"** অর্থ বিধি ৫ এর অধীন ইস্যুকৃত ছাড়পত্র;

(চ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ছ) **"নেভিগেশন স্প্যান (Navigation Span)"** অর্থ দুই নদীতীরের মাঝে সেতু বা স্থাপনার যে কোনো দুইটি পিয়ার (Pier) বা পিলার (Pillar)-এর মধ্যবর্তী অংশ যাহার তলদেশ দিয়া নৌযান চলাচল করে বা করিতে পারে;

(জ) **"পানির বিশ্লেষিত উচ্চস্বর Standard High Water Level (SHWL)"** অর্থ অভ্যন্তরীণ নৌপথের সংশ্লিষ্ট এলাকায় পানির বিশ্লেষিত উচ্চস্তর যাহা কর্তৃপক্ষ কর্তৃক সময় সময়, নির্ধারণ করা হইয়া থাকে;

(ঝ) **"পানির বিশ্লেষিত নিম্নস্তর Standard Low Water Level (SLWL)"** অর্থ অভ্যন্তরীণ নৌপথের সংশ্লিষ্ট এলাকায় পানির বিশ্লেষিত নিম্নস্তর যাহা কর্তৃপক্ষ কর্তৃক সময় সময়, নির্ধারণ করা হইয়া থাকে;

(ঞ) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম;

(ট) **"মূল প্রবাহ"** অর্থ নদী বা নৌপথের যে অংশে সর্বাধিক পরিমাণে পানি প্রবাহিত হয় এবং যাহার গভীরতা নদীর অন্যান্য অংশের তুলনায় বেশি;

(ঠ) **"স্থাপনা"** অর্থ কোনো অভ্যন্তরীণ নৌপথের উপর সেতু ও ওভারহেড লাইন এবং তলদেশে পাইপ (Pipe), ক্যাবল লাইন (Cable Line) ও টানেল (Tunnel) বা অনুরূপ স্থাপনা।

(২) এই বিধিমালায় ব্যবহৃত হইয়াছে কিন্তু সংজ্ঞায়িত হয় নাই এইরূপ অভিব্যক্তি Inland Water Transport Authority Ordinance, 1958 (E.P Ord. No. LXXV of 1958), Inland Shipping Ordinance, 1976 (Ordinance No. LXXII of 1976), Ports Act, 1908 (Act No.XV of 1908) এবং উহাদের অধীন প্রণীত বিধিমালায় যে অর্থে সংজ্ঞায়িত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **বিধিমালার প্রযোজ্যতা।**—এই বিধিমালা বাংলাদেশের অভ্যন্তরীণ নৌপথের তীরভূমি, উপরিভাগ অথবা তলদেশে স্থাপনা নির্মাণ বা আনুষঙ্গিক কার্যাবলি সম্পাদনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত সমুদ্রবন্দরের সীমার অভ্যন্তরে নৌপথসমূহে এই বিধিমালা প্রযোজ্য হইবে না।

৪। **অভ্যন্তরীণ নৌপথের শ্রেণি।**—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, তফসিল-১ এ বর্ণিত বিভিন্ন শ্রেণির অভ্যন্তরীণ নৌপথ থাকিবে।

৫। **ছাড়পত্র (Clearance) গ্রহণ।**—(১) সরকারি, বেসরকারি বা বিধিবদ্ধ কোনো সংস্থা বা প্রতিষ্ঠানকে নৌপথের তীরভূমি, উপরিভাগ বা তলদেশে যেকোনো ধরনের স্থাপনা নির্মাণ করিবার পূর্বে কর্তৃপক্ষের নিকট হইতে নেভিগেশন ক্লিয়ারেন্স সম্পর্কিত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন ছাড়পত্র গ্রহণের জন্য ফরম অনুযায়ী কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী আবেদন প্রাপ্ত হইবার পর কর্তৃপক্ষ—

(ক) অভ্যন্তরীণ নৌপথের তীরভূমি বা উপরিভাগে স্থাপনা নির্মাণের ক্ষেত্রে, কোনো আবেদন প্রাপ্ত হইবার অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট নৌপথের শ্রেণি ও SHWL উল্লেখপূর্বক তদনুযায়ী নকশা আহবান করিবে; এবং

(খ) নৌপথের তলদেশ স্থাপনা নির্মাণের ক্ষেত্রে, সমীক্ষা প্রতিবেদনের প্রয়োজনীয়তা দেখা দিলে বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠানকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধি ১১ এর উপ-বিধি (২) অনুযায়ী উক্ত সমীক্ষা প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করিতে পারিবে।

(৪) আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত ডিজাইন বা নকশার সংশ্লিষ্ট অংশ বা, ক্ষেত্রমত, সমীক্ষা প্রতিবেদন কর্তৃপক্ষের নির্ধারিত দপ্তরে অনলাইন (Online) বা সরাসরি দাখিল করিতে হইবে।

(৫) কর্তৃপক্ষ, দাখিলকৃত ডিজাইন বা নকশায় প্রদানকৃত নেভিগেশন ক্লিয়ারেন্স ও অন্যান্য প্রতিপালনীয় বিষয়সমূহ যথাযথ রহিয়াছে কিনা তাহা নিশ্চিত হইবার জন্য উক্ত ডিজাইন বা নকশা এবং, ক্ষেত্রমত, সমীক্ষা প্রতিবেদন যাচাই করিবে।

(৬) নৌপথের তীরভূমি বা উপরিভাগে স্থাপনা নির্মাণের ক্ষেত্রে নকশার সংশ্লিষ্ট অংশ কর্তৃপক্ষের দপ্তরে দাখিলের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এই বিধিমালায় উল্লিখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে ছাড়পত্র ইস্যু করিতে হইবে।

(৭) নৌপথের তলদেশে স্থাপনা নির্মাণের ক্ষেত্রে সমীক্ষা প্রতিবেদনের প্রয়োজন না হইলে দাখিলকৃত নকশা পর্যালোচনা, স্থানীয় বৈশিষ্ট্য বিশ্লেষণ এবং পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধির সহিত পরামর্শক্রমে আবেদন দাখিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এবং সমীক্ষা প্রতিবেদন দাখিলের প্রয়োজন হইলে উহা দাখিলের পর হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এই বিধিমালায় উল্লিখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে ছাড়পত্র ইস্যু করিতে হইবে।

৬। **ছাড়পত্রের মেয়াদ।**—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত ছাড়পত্রের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসর, এবং উক্ত সময়ের মধ্যে নির্মাণকাজ শুরু না করিলে উক্ত ছাড়পত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং পুনরায় কর্তৃপক্ষের নিকট হইতে ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নৌপথের তলদেশে বৃহদাকৃতির বা জটিল প্রকৃতির কোনো স্থাপনা নির্মাণের ক্ষেত্রে উক্ত সময় সীমার মধ্যে নির্মাণ কাজ শুরু করা সম্ভব না হইলে সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ উক্ত সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে।

৭। **অভ্যন্তরীণ নৌপথের তীরভূমি বা উপরিভাগে স্থাপনা নির্মাণ।**—(১) অভ্যন্তরীণ নৌপথের তীরভূমি বা উপরিভাগে অভ্যন্তরীণ নৌপথের শ্রেণি অনুযায়ী তফসিল-২ এ বর্ণিত অনুভূমিক ও উলম্ব ছাড়ের পরিমাপ বজায় রাখিয়া কোনো স্থাপনা নির্মাণ করিতে হইবে।

(২) অভ্যন্তরীণ নৌপথের তীরভূমি বা উপরিভাগে বৈদ্যুতিক লাইন স্থাপন বা টানিয়া লইবার ক্ষেত্রে উপ-বিধি (১) এ নির্ধারিত উলম্ব ছাড়ের সর্বনিম্ন পরিমাপের সহিত অতিরিক্ত ৫.০০ মিটার যোগ করিতে হইবে।

(৩) যে সকল অভ্যন্তরীণ নৌপথে উপ-বিধি (১) এ উল্লিখিত অনুভূমিক ও উলম্ব ছাড়ের পরিমাপের তুলনায় নিম্ন পরিমাপের স্থাপনা রহিয়াছে তাহা বিদ্যমান থাকিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত স্থাপনা প্রতিস্থাপন ও পুনঃনির্মাণের সময় উপ-বিধি (১) এ উল্লিখিত পরিমাপ অনুসরণ করিতে হইবে:

আরোও শর্ত থাকে যে, কোনো অভ্যন্তরীণ নৌপথের তীরভূমি বা উপরিভাগে নূতন স্থাপনা নির্মাণের ক্ষেত্রে উক্ত নৌপথে বিদ্যমান অন্যান্য স্থাপনার ছাড়ের পরিমাপ বিবেচনা করা যাইবে না।

৮। **নৌপথের তীরভূমি বা উপরিভাগে স্থাপনা নির্মাণের নকশা প্রণয়নের ক্ষেত্রে আবেদনকারী প্রতিষ্ঠানের করণীয়।**—(১) নকশা প্রণয়নের ক্ষেত্রে SHWL ভিত্তি ধরিয়া উপরের দিকে উলম্ব ছাড় পরিমাপযোগ্য হইবে এবং নৌপথের মধ্যে সকল নেভিগেশন স্প্যানে ন্যূনতম উলম্ব ছাড় বজায় রাখিতে হইবে।

(২) আবেদনকৃত স্থাপনার পিয়ারসমূহের (Pier) ভৌগোলিক অবস্থান (Latitude & Longitude), পিয়ারসমূহের অনুভূমিক দূরত্ব, নেভিগেশন স্প্যানসমূহের উলম্ব ছাড়, SHWL, নদীতীর (Bankline) ইত্যাদি নকশায় উল্লেখ করিতে হইবে।

(৩) নদী বা নৌপথের মাঝখানে বা মূল প্রবাহের মধ্যে পিয়ার বসানো যাইবে না, তবে নদীতে একাধিক পিয়ার স্থাপনের প্রয়োজনীয়তার ক্ষেত্রে নেভিগেশন স্প্যানের প্রত্যেক পাইল ক্যাপের মধ্যবর্তী দূরত্বের ভিত্তিতে অনুভূমিক ছাড় অনুসরণ করিতে হইবে।

(৪) সেতুর নকশা প্রণয়নের ক্ষেত্রে করণীয় নিম্নরূপ, যথা:—

(ক) নির্ধারিত পরিমাপের উলম্ব ছাড় রাখিয়া সেতু নির্মাণ করা সম্ভব না হইলে নৌযান অতিক্রমের সুবিধার জন্য সেতুর স্প্যান উত্তোলন বা উন্মুক্ত করিয়া অথবা অন্য কোনোভাবে অভ্যন্তরীণ নৌপথ উন্মুক্ত করিবার ব্যবস্থা রাখিতে হইবে;

(খ) নৌপথে পিয়ার স্থাপনের কারণে চরপড়া রোধ, নদীর প্রবাহ ও নৌপথের নাব্যতা বজায় রাখিবার স্বার্থে আধুনিক প্রযুক্তির সেতু (যেমন: ঝুলন্ত সেতু (Suspension Bridge), Continuous Plate Girder Bridge, Box Girder Bridge, Continuous or Cantilever Truss Bridge, Cable Stayed Bridge ইত্যাদি) বা ট্যানেল নির্মাণের নকশা প্রণয়ন করিতে হইবে;

(গ) প্রথম, দ্বিতীয় ও বিশেষ শ্রেণির নৌপথে বিদ্যমান কোনো সেতুর উজানে বা ভাটিতে ১ (এক) হাজার মিটারের অনধিক দূরত্বে অন্য কোনো সেতু নির্মাণ করা যাইবে না এবং বিদ্যমান দুইটি সেতুর মধ্যকার দূরত্ব ১ (এক) হাজার মিটারের কম হইলে তন্মধ্যে প্রথম যে সেতুটি প্রতিস্থাপন অথবা পুনঃনির্মাণ করা হইবে উহা ১ (এক) হাজার মিটারের নিরাপদ দূরত্ব বজায় রাখিয়া নির্মাণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, যদি সড়কের বা রেলপথের প্রস্থ বাড়ানোর ক্ষেত্রে পাশাপাশি ১ (এক) হাজার মিটারের মধ্যে নূতন সেতু তৈরির প্রয়োজনীয়তা দেখা দেয়, তাহা হইলে দ্বিতীয় সেতু নির্মাণ করা যাইবে:

আরোও শর্ত থাকে যে, উক্তরূপ নূতন সেতু নৌপথে নৌযান চলাচলে বিঘ্ন সৃষ্টি করিবে না ও পূর্ববর্তী সেতুর অ্যালাইনমেন্ট সঠিক থাকা সাপেক্ষে উহার সহিত সামঞ্জস্য রাখিয়া নূতন পিলার নির্মাণ করিতে হইবে:

আরোও শর্ত থাকে যে, এইক্ষেত্রে নৌপথের অনুভূমিক ও উলম্ব ছাড়ের পরিমাপ অনুসরণ করিতে হইবে; এবং

(ঘ) সেতুর পিয়ার বা পাইল ক্যাপ পানি প্রবাহের দিকের সহিত তীর্যকভাবে নির্মাণ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, অন্যরূপ বিকল্প না থাকিলে অথবা বিশেষ পরিস্থিতিতে অনুভূমিক ছাড়ের পরিমাপ বজায় রাখিয়া পিয়ার বা পাইল ক্যাপ নির্মাণ এবং প্রয়োজনে বৃত্তাকার বা চক্রাকার পিয়ার ব্যবহার করা যাইবে।

(৫) বাংলাদেশ জরিপ অধিদপ্তরের বেঞ্চমার্ক (Benchmark) হইতে লেভেলিং (1st Order বা 2nd Order Levelling) এর মাধ্যমে টেম্পোরারি বেঞ্চমার্ক (Temporary Benchmark) স্থাপন করিতে হইবে যাহার মান কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হইবে।

৯। **স্থাপনা নির্মাণের সময় অনুসরণীয় বিষয়সমূহ।**—(১) অভ্যন্তরীণ নৌপথের তীরভূমি বা উপরিভাগে স্থাপনা নির্মাণের সময় নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) কর্তৃপক্ষ কর্তৃক বিধি ৫ এর অধীন প্রদত্ত ছাড়পত্রের শর্তানুযায়ী স্থাপনা নির্মাণ করিতে হইবে;

(খ) মাটি বা বালু দ্বারা ভরাট করিয়া নদী বা অভ্যন্তরীণ নৌপথ সংকুচিত করা যাইবে না;

(গ) নির্মাণের সময় যথাসম্ভব নৌ-চলাচল স্বাভাবিক রাখিতে হইবে;

(ঘ) অত্যাবশ্যকীয়ভাবে নৌযান চলাচল সাময়িক বন্ধ রাখিতে হইলে কমপক্ষে ১৫ (পনেরো) দিন পূর্বে বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অবহিত করিবে, যাহাতে সংশ্লিষ্টদের অবহিত করিবার জন্য কর্তৃপক্ষ নৌ-বিজ্ঞপ্তি জারি করিতে পারে;

(ঙ) গুরুত্বপূর্ণ নৌপথের ক্ষেত্রে কর্তৃপক্ষের মাধ্যমে বয়া বাতি স্থাপন করিতে হইবে যাহার স্থাপন ব্যয় বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠান বহন করিবে;

(চ) নদীর মূল প্রবাহ, মৎস্য প্রজনন ক্ষেত্র, সেচ, জলজ সম্পদ ও জীব বৈচিত্র্যের যাহাতে ক্ষতির আশংকা না হয় তজ্জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(২) অভ্যন্তরীণ নৌপথের তলদেশের স্থাপনা নির্মাণের সময় ও তৎপরবর্তী সময়ে উক্ত নৌপথের উভয় পাড় যাহার মধ্য দিয়া স্থাপনা নির্মাণ করা হইয়াছে এইরূপ সংশ্লিষ্ট স্থানে সাইনবোর্ড (Signboard) স্থাপন করিতে হইবে এবং সাইনবোর্ডের নোঙর চিহ্নের উপর লাল রঙের "X" চিহ্ন থাকিবে এবং "নোঙর করা নিষেধ” শব্দগুলি স্পষ্টাক্ষরে লিখিতে হইবে যাহাতে সহজেই নৌযান চালকদের দৃষ্টিগোচর হয়।

১০। **স্থাপনা নির্মাণের ক্ষেত্রে করণীয়।**—(১) অনুমোদিত নকশার ছাড়ের পরিমাপ যথাযথভাবে অনুসরণ করিয়া স্থাপনা নির্মাণ করিতে হইবে।

(২) নির্মাণ কাজের ফলে সৃষ্ট বর্জ্য বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে অভ্যন্তরীণ নৌপথ হইতে উক্ত নৌপথের তলদেশ পর্যন্ত অপসারণ করিতে হইবে এবং এই মর্মে কর্তৃপক্ষের নিকট হইতে একটি কার্যসম্পাদনের প্রত্যয়নপত্র গ্রহণ করিতে হইবে।

(৩) স্থাপনা নির্মাণের কারণে অভ্যন্তরীণ নৌপথে নাব্যতা সংকট তৈরি হইলে বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠানের সহিত সমন্বয় করিয়া কর্তৃপক্ষ স্থাপনার তলদেশে, নৌপথের উজানে ও ভাটিতে যতদূর পর্যন্ত উক্ত প্রভাব পরিলক্ষিত হয়, ততদূর পর্যন্ত খননকাজ সম্পাদন করিবে এবং বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠান তাহার ব্যয়ভার বহন করিবে।

(৪) উলম্ব ছাড়ের পরিমাপ সেতুর মূল স্থাপনার উভয় পার্শ্বে অবস্থিত পিলার ও সেতুর গার্ডার (Girder) এর এমন স্থানে স্পষ্ট অক্ষরে লিখিত থাকিতে হইবে যাহা সহজেই সেতু অতিক্রমকারী নৌযান চালকদের দৃষ্টিগোচর হয়।

(৫) অভ্যন্তরীণ নৌপথের উপর ওভারহেড লাইন নির্মাণের ক্ষেত্রে নেভিগেশন স্প্যানের উভয় পিলার বা খুঁটির মাঝে তারের ভিন্ন ভিন্ন স্থানে অন্ধকারে প্রজ্বলিত হয় এইরূপ লাল রঙের গোলক রাখিতে হইবে।

১১। **অভ্যন্তরীণ নৌপথের তলদেশে স্থাপনা নির্মাণের ক্ষেত্রে নকশা ও সমীক্ষা প্রতিবেদন দাখিল।**—(১) অভ্যন্তরীণ নৌপথের তলদেশে স্থাপনা নির্মাণের ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠানকে আবেদনের সহিত তফসিল-৩ এ নির্ধারিত ছাড়ের পরিমাপ SLWL সাপেক্ষে যথাযথভাবে নকশা (Drawing Design) দাখিল করিতে হইবে।

(২) বিধি ৫ এর উপ-বিধি (৩) এর দফা (খ) এর উদ্দেশ্য পূরণকল্পে, বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠান নদী বা নৌপথের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ মরফোলজিক্যাল (Morphological) বৈশিষ্ট্যের উপর সমীক্ষা প্রতিবেদন দাখিল করিবে।

**১২। বিতর্ক, বিরোধ বা মতদ্বৈততা উদ্ভুত হইলে করণীয়।**—(১) এই বিধিমালার অধীন কর্তৃপক্ষের কোনো সিদ্ধান্ত, আদেশ বা প্রদত্ত ছাড়পত্র সম্পর্কে কোনো বিতর্ক, বিরোধ বা মতদ্বৈততা উদ্ভূত হইলে বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠান নির্ধারিত ফি জমাপ্রদান সাপেক্ষে আপিল করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আপিল নিষ্পত্তির জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে আপিল নিষ্পত্তি কমিটি গঠিত হইবে; যথা:—

(ক) কর্তৃপক্ষের সদস্য প্রকৌশল- সভাপতি;

(খ) কর্তৃপক্ষের প্রকৌশল (পুর) বিভাগের প্রতিনিধি- সদস্য;

(গ) কর্তৃপক্ষের বন্দর ও পরিবহন বিভাগের প্রতিনিধি- সদস্য;

(ঘ) কর্তৃপক্ষের হাইড্রোগ্রাফিক বিভাগের প্রতিনিধি- সদস্য;

(ঙ) প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার প্রতিনিধি- সদস্য;

(চ) পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি- সদস্য;

(ছ) কর্তৃপক্ষের নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগের প্রতিনিধি- সদস্য সচিব।

(৩) আপিল নিষ্পত্তি কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট কোনো কর্মকর্তা বা বিশেষজ্ঞকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে।

(৪) আপিল নিষ্পত্তি কমিটি সকল পক্ষের শুনানি গ্রহণ ও সকল বিষয় পরীক্ষা-নিরীক্ষা করিয়া কর্তৃপক্ষের চেয়ারম্যানের নিকট সুপারিশ সংবলিত প্রতিবেদন প্রদান করিবে।

(৫) আপিল নিষ্পত্তির ক্ষেত্রে চেয়ারম্যানের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**১৩। ফি ও শুল্ক পরিশোধ।**—(১) স্থাপনা নির্মাণের জন্য ছাড়পত্র প্রাপ্তির ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময়, নির্ধারিত হার ও শর্তে ফি পরিশোধ করিতে হইবে।

(২) স্থাপনা নির্মাণের ক্ষেত্রে নৌপথের তীরভূমি ব্যবহার করা হইলে সরকার কর্তৃক নির্ধারিত হার ও শর্তে শুল্ক পরিশোধ করিতে হইবে।

(৩) কোনো স্থাপনা নির্মাণের ফলে কর্তৃপক্ষের শুল্ক আদায়সহ রাজস্ব আয়ে সাময়িক বা স্থায়ী কোনো ক্ষতি হইলে বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাণ ও শর্তে ক্ষতিপূরণ পরিশোধে বাধ্য থাকিবে।

**১৪। ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে অথবা ছাড়পত্রের ব্যত্যয় ঘটাইয়া নির্মিত স্থাপনার ক্ষেত্রে করণীয়।**—(১) ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে অথবা ছাড়পত্রে প্রদত্ত নকশা, ছাড়ের পরিমাপ, ইত্যাদির ব্যত্যয় ঘটাইয়া যদি কোনো স্থাপনা নির্মাণ করা হয় অথবা নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয় তবে উক্ত স্থাপনাকে অবৈধ স্থাপনা হিসাবে চিহ্নিত করা হইবে এবং কর্তৃপক্ষ, Government and Local Authority Lands and Buildings (Recovery of Possession) Ordinance, 1970 (Ordinance No. XXIV of 1970) অনুযায়ী উহা উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) কর্তৃপক্ষ, এইরূপ স্থাপনা তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অপসারণের জন্য বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করিবে।

(৩) বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠান উপ-বিধি (২) এ বর্ণিত সময়ের মধ্যে কোনো স্থাপনা অপসারণ করিতে অপারগ হইলে কর্তৃপক্ষ নিজেই উহা অপসারণের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং এইরূপ অপসারণের ব্যয় বাস্তবায়নকারী সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট হইতে আদায়ের ব্যবস্থা গ্রহণ করিবে।

**১৫। কারিগরি কমিটি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কারিগরি কমিটি থাকিবে, যথা:—

(ক) কর্তৃপক্ষের প্রকৌশল (পুর) বিভাগের প্রতিনিধি;

(খ) কর্তৃপক্ষের নৌ সংরক্ষণ ও পরিচালন বিভাগের প্রতিনিধি;

(গ) কর্তৃপক্ষের বন্দর ও পরিবহন বিভাগের প্রতিনিধি;

(ঘ) কর্তৃপক্ষের হাইড্রোগ্রাফিক বিভাগের প্রতিনিধি;

(২) কারিগরি কমিটি প্রয়োজনে অন্য যে কোনো সদস্যকে কো-অপ্ট করিতে পারিবে।

(৩) কারিগরি কমিটি নকশা অনুসরণ করিয়া স্থাপনা নির্মিত হইয়াছে কিনা তাহা পরিদর্শনপূর্বক কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করিবে।

**১৬। তফসিলে উল্লিখিত হয় নাই এইরূপ অভ্যন্তরীণ নৌপথ।**—(১) তফসিলে উল্লিখিত হয় নাই এইরূপ অভ্যন্তরীণ নৌপথের বিষয়ে সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কমিটি গঠিত হইবে, যথা:-

(ক) কর্তৃপক্ষের নৌ সংরক্ষণ ও পরিচালন বিভাগের প্রতিনিধি- আহবায়ক;

(খ) কর্তৃপক্ষের বন্দর ও পরিবহন বিভাগের প্রতিনিধি;

(গ) কর্তৃপক্ষের হাইড্রোগ্রাফিক বিভাগের প্রতিনিধি;

(ঘ) প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার একজন প্রতিনিধি;

(ঙ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের একজন প্রকৌশলী;

(চ) সংশ্লিষ্ট উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত উপজেলায় কর্মরত উপযুক্ত কর্মকর্তা বা প্রতিনিধি;

(ছ) কর্তৃপক্ষের প্রকৌশল (পুর) বিভাগের প্রতিনিধি- সদস্য সচিব।

(২) কমিটি প্রয়োজনে অন্য যে কোনো সদস্যকে কো-অপ্ট করিতে পারিবে।

(৩) কমিটি নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথা:—

(ক) ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরেজমিনে পরিদর্শন করিয়া এবং সংশ্লিষ্টজনের শুনানি গ্রহণ করিয়া সংশ্লিষ্ট নৌপথের গভীরতা, প্রশস্ততা, নৌ-পরিবহন গুরুত্ব ও বৈশিষ্ট্য, আর্থ-সামাজিক বৈশিষ্ট্য প্রভৃতি বিবেচনা করিয়া অভ্যন্তরীণ নৌপথটি কোন শ্রেণির অন্তর্ভুক্ত হইবে তাহা সুপারিশ করিবে; এবং

(খ) ২০ (বিশ) মিটারের কম প্রশস্ততা বিশিষ্ট নৌপথের ক্ষেত্রে নৌপথের উপরিভাগে স্থাপনা নির্মাণের ক্ষেত্রে অনুভূমিক ও উলম্ব ছাড়ের মান এবং নৌপথের তলদেশে স্থাপনা নির্মাণের ক্ষেত্রে নদীর গভীরতম তলদেশ হইতে স্থাপনার ন্যূনতম দূরত্ব নির্ধারণ করিবে।

(৪) কর্তৃপক্ষ, তৎকর্তৃক নির্ধারিত শর্তে কমিটির সুপারিশ অনুসারে তফসিলে উল্লিখিত হয় নাই এইরূপ অভ্যন্তরীণ নৌপথের ছাড়পত্র প্রদান করিবে।

১৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে অভ্যন্তরীণ জলপথ ও তীরভূমিতে স্থাপনাদি নির্মাণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১০ এতদ্দ্বারা রহিত হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীন—

(ক) জারীকৃত কোনো আদেশ, প্রদত্ত কোনো ছাড়পত্র, নির্দেশ ও কৃত কার্য এই বিধিমালার অধীন জারীকৃত, প্রদত্ত ও কৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা রহিত বিধিমালার অধীন এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন এই বিধিমালা জারি করা হয় নাই।

**তফসিল-১**

[বিধি ৪ দ্রষ্টব্য]

অভ্যন্তরীণ নৌপথের শ্রেণি

| ক্রমিক নং | নৌপথের শ্রেণি | অন্তর্ভুক্ত নৌপথ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | প্রথম শ্রেণির নৌপথ | তফসিল-৪ এর ক অংশে উল্লিখিত অভ্যন্তরীণ নৌপথসমূহ এবং উক্ত তফসিলে উল্লিখিত নহে এইরূপ কোনো অভ্যন্তরীণ নৌপথ যাহার গভীরতা সমগ্র বৎসর ন্যূনতম ৪.০ মিটার বিদ্যমান থাকে। |
| ২। | দ্বিতীয় শ্রেণির নৌপথ | তফসিল-৪ এর খ অংশে উল্লিখিত অভ্যন্তরীণ নৌপথসমূহ এবং উক্ত তফসিলে উল্লিখিত নহে এইরূপ কোনো অভ্যন্তরীণ নৌপথ যাহার গভীরতা সমগ্র বৎসর ন্যূনতম ২.৫ মিটার বিদ্যমান থাকে। |
| ৩। | তৃতীয় শ্রেণির নৌপথ | তফসিল-৪ এর গ অংশে উল্লিখিত অভ্যন্তরীণ নৌপথসমূহ এবং উক্ত তফসিলে উল্লিখিত নহে এইরূপ কোনো অভ্যন্তরীণ নৌপথ যাহার গভীরতা সমগ্র বৎসর ন্যূনতম ২.০ মিটার বিদ্যমান থাকে। |
| ৪। | চতুর্থ শ্রেণির নৌপথ | তফসিল-৪ এর ঘ অংশে উল্লিখিত অভ্যন্তরীণ নৌপথসমূহ এবং উক্ত তফসিলে উল্লিখিত নহে এইরূপ কোনো মৌসুমী অভ্যন্তরীণ নৌপথ যাহাতে বর্ষা মৌসুমে ন্যূনতম ১.৫ মিটার গভীরতা বিদ্যমান থাকে। |
| ৫। | পঞ্চম শ্রেণির নৌপথ | তফসিল-৪ এর ঙ অংশে উল্লিখিত মৌসুমী অভ্যন্তরীণ নৌপথসমূহ এবং উক্ত তফসিলে উল্লিখিত নহে এইরূপ কোনো মৌসুমী অভ্যন্তরীণ নৌপথ যাহাতে বর্ষা মৌসুমে ন্যূনতম ১.০ মিটার গভীরতা বিদ্যমান থাকে। |
| ৬। | বিশেষ শ্রেণির নৌপথ | তফসিল-৪ এর চ অংশে উল্লিখিত বিশেষ অভ্যন্তরীণ নৌপথসমূহ এবং উক্ত তফসিলে উল্লিখিত নহে এইরূপ কোনো অভ্যন্তরীণ নৌপথ যাহার গভীরতা সমগ্র বৎসর ন্যূনতম ৪.৫ মিটার বিদ্যমান থাকে। |

**তফসিল-২**

[বিধি ৭(১) দ্রষ্টব্য]

নৌপথের তীরভূমি বা উপরিভাগে স্থাপনা নির্মাণে অনুভূমিক ও উলম্ব ছাড়ের পরিমাপ

| **ক্রমিক নং** | **শ্রেণি** | **ন্যূনতম গভীরতা (মিটার)** | **ন্যূনতম অনুভূমিক ছাড় (মিটার)** | **ন্যূনতম উলম্ব ছাড় (মিটার)** |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | বিশেষ | ৪.৫ | ১০০ | ১৮.৫০ |
| ২। | প্রথম | ৪.০ | ১০০ | ১৮.৩০ |
| ৩। | দ্বিতীয় | ২.৫ | ৭৫ | ১২.২০ |
| ৪। | তৃতীয় | ২.০ | ৩৫ | ৭.৬২ |
| ৫। | চতুর্থ | ১.৫ (বর্ষা মৌসুমে) | ২৫ | ৫.০০ |
| ৬। | পঞ্চম | ১.০ (বর্ষা মৌসুমে) | ২০ | ৩.৫০ |

**তফসিল-৩**

[বিধি ১১(১) দ্রষ্টব্য]

নৌপথের তলদেশে স্থাপনা নির্মাণে ছাড়ের পরিমাপ

| **ক্রমিক নং** | **স্থাপনার ধরন** | **নৌপথের শ্রেণি** | **নদীর গভীরতম তলদেশ হইতে স্থাপনার ন্যূনতম গভীরতা (মিটার)** |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | নৌপথের তলদেশে গ্যাস লাইন | বিশেষ | ২০ |
| | | প্রথম ও দ্বিতীয় | ১৮ |
| | | তৃতীয়, চতুর্থ ও পঞ্চম | ১৫ |
| ২। | নৌপথের তলদেশে বৈদ্যুতিক লাইন | সকল শ্রেণি | ১০ |
| | | শ্রেণিভুক্ত নয় এইরূপ অভ্যন্তরীণ নৌপথ | ৮ |
| ৩। | অপটিক্যাল ফাইবার (Optical Fiber)/ সাবমেরিন ক্যাবল (Submarine cable) / টেলিযোগাযোগ লাইন | সকল শ্রেণি | ১৫ |
| ৪। | ট্যানেল | সকল শ্রেণি | সকল শ্রেণি জিও-মরফোলজিক্যাল (Geo-morphological) সমীক্ষার সুপারিশ অনুযায়ী |

***** নদীর গভীরতম তলদেশ অর্থ নদীর কোনো স্থানে হাইড্রোগ্রাফিক জরিপের মাধ্যমে প্রাপ্ত নদীর গভীরতম স্থান।**

**তফসিল-৪**

[তফসিল-১ দ্রষ্টব্য]

‘ক’ অংশ

**প্রথম শ্রেণির নৌপথের তালিকা**

| ক্রমিক নং | নৌপথের শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | প্রথম | দৌলতদিয়া/পাটুরিয়া – নগরবাড়ী -বাঘাবাড়ী | পদ্মা , ব্রহ্মপুত্র/যমুনা, হুরাসাগর, বড়াল | ৪৯ |
| ২ | প্রথম | চাঁদপুর -মাওয়া- দৌলতদিয়া/পাটুরিয়া | পদ্মা | ১১৮ |
| ৩ | প্রথম | শম্ভুপুরা (আল ফালাহ বয়া)- সদরঘাট - বাবুবাজার সেতু | ধলেশ্বরী, বুড়িগঙ্গা | ২৭ |
| ৪ | প্রথম | কাঁচপুর (সড়ক সেতু) - ঘোড়াশাল (রেল সেতু) | শীতলক্ষ্যা | ৩৯ |
| ৫ | প্রথম | ভৈরববাজার/আশুগঞ্জ (রেল সেতু)- লিপসা -সুনামগঞ্জ- ছাতক | মেঘনা (আপার), ঘোড়াউত্রা, ধনু, বাউলাই, সুরমা | ২৪৮ |
| ৬ | প্রথম | ষাটনল - দাউদকান্দি সড়ক সেতু | মেঘনা (আপার), গোমতী | ১৬ |
| ৭ | প্রথম | মজুচৌধুরী হাট-মতির হাট | রহমতখালী, মেঘনা (লোয়ার) | ৯ |
| ৮ | প্রথম | মুহুরী রেগুলেটর - মীরসরাই অর্থনৈতিক অঞ্চল | ফেনী | ১৪ |
| ৯ | প্রথম | শাহ আমানত সেতু - কালুরঘাট রেল সেতু | কর্ণফুলী | ৯ |
| ১০ | প্রথম | সাঙ্গু নদীর পতিতমুখ - তৈলার দ্বীপ সেতু | সাঙ্গু | ২৫ |
| ১১ | প্রথম | মাতারবাড়ী - কক্সবাজার (কস্তুরা ঘাট) | বঙ্গোপসাগর (উপকূলীয়), মহেশখালী, বাঁকখালী | ৪০ |
| ১২ | প্রথম | কক্সবাজার (নাজিরার টেক) - সেন্ট মার্টিন | বঙ্গোপসাগর (উপকূলীয়) | ১০৩ |
| ১৩ | প্রথম | মোংলা - চালনা - খুলনা- আফরাঘাট | পশুর, কাজীবাচা, রূপসা (খুলনা), ভৈরব | ৮৯ |
| ১৪ | প্রথম | চালনা -আংটিহারা - রায়মঙ্গল | চুনকুড়ি, ঢাকি, শিবসা, কয়রা, শাকবাড়িয়া, আড়পাঙ্গাশিয়া, রায়মঙ্গল | ১২৪ |

| ক্রমিক নং | নৌপথের শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৫ | প্রথম | সন্ন্যাসী - বগি - চাঁনপাই - হাড়বাড়িয়া | বলেশ্বর, ভোলা (বাগেরহাট), বগি, দুধমুখী, শ্যালা | ৯৬ |
| ১৬ | প্রথম | ইলিশা -জাঙ্গালিয়া -ভেদুরিয়া ফেরিঘাট | ইলিশা, তেতুলিয়া (বরিশাল) | ২২ |
| ১৭ | প্রথম | ইলিশা - দৌলতখান - তজুমদ্দিন - মনপুরা - তমরুদ্দিন | মেঘনা (লোয়ার) | ৭৮ |
| ১৮ | প্রথম | দুর্গাপাশা - লক্ষ্মীপাশা - পায়রাকুঞ্জ - আমতলী - তালতলী - ইশানবাড়ীয়া | কারখানা, পান্ডব, বুড়িশ্বর-পায়রা | ১১২ |
| ১৯ | প্রথম | ঝালকাঠি - বরগুনা - পাথরঘাটা মোহনা | বিষখালী | ১০৩ |
| ২০ | প্রথম | শরণখোলা - হরিণঘাটা | বলেশ্বর | ৩০ |
| ২১ | প্রথম | পায়রা বন্দর - চর মনতাজ | রাবনাবাদ , বঙ্গোপসাগর (উপকূলীয়) , বুড়া গৌরাঙ্গ | ৪৪ |
| ২২ | প্রথম | নাজিরপুর - ঘোষের হাট - বকশী বাজার - চর বাঙ্গাল | তেঁতুলিয়া (বরিশাল), বুড়া গৌরাঙ্গ | ৭৩ |
| ২৩ | প্রথম | ইব্রাহিমপুর - চর প্রকাশ - নন্দীরবাজার - শিকারপুর - জুগিরকান্দা - কাউখালী | মেঘনা (লোয়ার), জয়ন্তী, আড়িয়াল খাঁ, সন্ধ্যা | ১৩০ |
| ২৪ | প্রথম | মীরগঞ্জ - বাবুগঞ্জ - দোয়ারিকা সেতু - উজিরপুর | সন্ধ্যা (বরিশাল) | ১৬ |
| ২৫ | প্রথম | নন্দিরবাজার - চরমোনাই | আড়িয়াল খাঁ | ২০ |
| ২৬ | প্রথম | লক্ষ্মীপাশা - বগা - পটুয়াখালী - গলাচিপা - পায়রা বন্দর | কারখানা, লোহালিয়া, গলাচিপা, পটুয়া | ৯২ |
| ২৭ | প্রথম | পায়রা পোর্ট - বালিয়াতলী - খেপুপাড়া - মহিপুর - কুয়াকাটা | আন্দারমানিক | ৩৯ |
| ২৮ | প্রথম | হাজীপুর বাজার – তেগাছিয়া (খেপুপাড়া) | ঘোপড়াভাঙ্গা, আন্দারমানিক | ১৭ |
| ২৯ | প্রথম | পানপট্টি – পাটুয়া লঞ্চ ঘাট | আগুনমুখা | ৫ |

| ক্রমিক নং | নৌপথের শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩০ | প্রথম | কৈ-খালী বন অফিস - সাগর মোহনা | মাদারগাঙ, রায়মঙ্গাল | ৬৩ |
| ৩১ | প্রথম | শিবসা বন অফিস - আকরাম পয়েন্ট | শিবসা | ৪৫ |
| ৩২ | প্রথম | পেকুয়া (উজানটিয়া) - বদরখালী - খুরুশকুল (কক্সবাজার) | উজানটিয়া চ্যানেল , মহেশখালী চ্যানেল | ৪১ |
| ৩৩ | প্রথম | নীলডুমুর - কলাগাছিয়া বন অফিস - দেবোকি বন অফিস - সাগর মোহনা | খোলপেটুয়া, মালঞ্চ | ৬৮ |
| ৩৪ | প্রথম | নিলক্ষা - মল্লিকপুর - হোগলাকান্দি (রায়পুরা) | মেঘনা (আপার) | ২৬ |
| ৩৫ | প্রথম | গন্ডামারা - মগনামা - মাতারবাড়ী | কুতুবদিয়া চ্যানেল, বঙ্গোপসাগর (উপকূলীয়) | ৩৫ |
| ৩৬ | প্রথম | তজুমদ্দিন - বেতুয়া - চরমন্তাজ | মেঘনা (লোয়ার), বুড়া গৌরাঙ্গ | ৮৭ |
| ৩৭ | প্রথম | দাকোপ ফেরি টার্মিনাল - কালাবগী | সুতারখালি | ২৮ |
| ৩৮ | প্রথম | বুড়ি গোয়ালিনী-কোলবাড়ী বাজার-দোবেকী বন অফিস | চুনা, চুনকুড়ি (সাতক্ষীরা), মালঞ্চ | ৩৩ |
| ৩৯ | প্রথম | গারুখালী - সোলাদানা বাজার - পানখালী ফেরি ঘাট (চালনা) | শিবসা ,বাদুরগাছা, জপজপিয়া | ২৭ |
| ৪০ | প্রথম | পাটুরিয়া -পাকশী সেতু - রাজশাহী - গোদাগাড়ী - সুলতানগঞ্জ (সীমান্ত ) | পদ্মা (গঙ্গা) | ২০৮ |
| ৪১ | প্রথম | দমদমিয়াঘাট (টেকনাফ) - শাহ পরীর দ্বীপ - সেন্টমার্টিন | নাফ, বঙ্গোপসাগর (উপকূলীয়) | ৩৯ |
| ৪২ | প্রথম | দৌলতদিয়া/পাটুরিয়া-যমুনা সেতু | পদ্মা, ব্রহ্মপুত্র/যমুনা | ৭৯ |
| ৪৩ | প্রথম | দোবেকী বন অফিস - সাগর মোহনা | আরপাঙ্গাসিয়া | ৪১ |

*এই দৈর্ঘ্য সময়ের সহিত পরিবর্তিত হইতে পারে।

**‘খ’ অংশ**

## দ্বিতীয় শ্রেণির নৌপথের তালিকা

| ক্রমিক নং | নৌপথের শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | দ্বিতীয় | যমুনা সেতু -সিরাজগঞ্জ-দইখাওয়া (সাহেবের আগলা) | ব্রহ্মপুত্র/যমুনা | ১৯২ |
| ২ | দ্বিতীয় | বিজিমাউথ - সৈয়দপুর - হযরতপুর - কালিনগর (সাভার) | ধলেশ্বরী | ৪৪ |
| ৩ | দ্বিতীয় | আমিনবাজার সেতু - ব্যাংকটাউন-কালীনগর (সাভার) | কর্ণতলী | ১২ |
| ৪ | দ্বিতীয় | বাবুবাজার - আশুলিয়া ল্যান্ডিং স্টেশন-টঙ্গী -ডেমরা সেতু | বুড়িগঙ্গা, তুরাগ, টঙ্গী, বালু | ৬৬ |
| ৫ | দ্বিতীয় | ঘোড়াশাল - টোক - ময়মনসিংহ - সন্যাসীর চর | শীতলক্ষ্যা ,বানার (লোয়ার), পুরাতন ব্রহ্মপুত্র | ২৮৭ |
| ৬ | দ্বিতীয় | মেঘনা বাজার - নরসিংদী - জগতপুর | মেঘনা (আপার) | ১৯ |
| ৭ | দ্বিতীয় | টোক - কটিয়াদি - ভৈরব বাজার | পুরাতন ব্রহ্মপুত্র | ৬৩ |
| ৮ | দ্বিতীয় | রাজাপুর - আজমিরীগঞ্জ - শেরপুর - জকিগঞ্জ | মেঘনা (আপার ), কুশিয়ারা | ২৭৪ |
| ৯ | দ্বিতীয় | টেকেরঘাট - লালপুর (সুনামগঞ্জ) | পাটনাই -পাইকারতলা, বাউলাই (বালুয়া) | ৬১ |
| ১০ | দ্বিতীয় | হযরতপুর - পারাগাও - ত্বরা | কালিগঙ্গা (মানিকগঞ্জ) | ৫৭ |
| ১১ | দ্বিতীয় | মহিষেরচর - উজানচর (গাগটিয়া লঞ্চঘাট) | মেঘনা (আপার), তিতাস (নরসিংদী সদর - বাঞ্চারামপুর) | ২৪ |
| ১২ | দ্বিতীয় | মধ্য এখলাসপুর - আমিরাবাদ | জহিরাবাদ | ৭ |
| ১৩ | দ্বিতীয় | নবীপুর - মাছুয়াখালী - মতলব - আমিরাবাদ -দাসাদী (চাঁদপুর) | ধনাগোদা, মেঘনা (লোয়ার) | ৪৯ |
| ১৪ | দ্বিতীয় | চাঁদপুর - ইচুলি - হাজীগঞ্জ | ডাকাতিয়া | ৪৮ |

| ক্রমিক নং | নৌপথের শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৫ | দ্বিতীয় | উড়িরচর - নলের চর/বয়ার চর | হাতিয়া চ্যানেল, মেঘনা (লোয়ার) | ৪২ |
| ১৬ | দ্বিতীয় | কালুর ঘাট - কাপ্তাই বাঁধ | কর্ণফুলী | ৫২ |
| ১৭ | দ্বিতীয় | তৈলারদ্বীপ সেতু - দোহাজারী সেতু | সাঙ্গু | ২৬ |
| ১৮ | দ্বিতীয় | মাতারবাড়ী রাঙ্গাখালি সেতু - মাতারবাড়ী - ধলঘাট (কোহেলিয়া নদীর পতিতমুখ) | কোহেলিয়া | ১৪ |
| ১৯ | দ্বিতীয় | বদরখালী (মাতামুহুরী নদীর পতিতমুখ) -বেথুয়া -শাহপুরা- মিঠাকাটা | বুড়া মাতামুহুরী, মাতামুহুরী | ৪৩ |
| ২০ | দ্বিতীয় | কক্সবাজার (কস্তুরা ঘাট) - বাংলাবাজার রাবারড্যাম | বাঁকখালী | ৭ |
| ২১ | দ্বিতীয় | পায়রাকুঞ্জ - পটুয়াখালী লঞ্চঘাট | পটুয়াখালী | ১২ |
| ২২ | দ্বিতীয় | লেবুখালী ক্যান্টনমেন্ট ফায়ারিং রেঞ্জ - মির্জাগঞ্জ | শ্রীমন্ত | ২৬ |
| ২৩ | দ্বিতীয় | তুলাতলী এ্যাপ্রোচ চ্যানেল ( বাউফল) | ধুলিয়াদোন | ৩ |
| ২৪ | দ্বিতীয় | পিয়াজখালী (সদরপুর) - কালিকাপুর - মাদারীপুর - আলিমাবাদ | আড়িয়াল খাঁ | ১১১ |
| ২৫ | দ্বিতীয় | হুলারহাট - মানিকদাহ -বড়দিয়া - খুলনা | কালিগঙ্গা (পিরোজপুর), শোলদহ, মধুমতি, নবগঙ্গা, আতাই | ১৩৫ |
| ২৬ | দ্বিতীয় | লেবুখালী - পুকুরজান বাজার (পটুয়াখালী) | কঁচাবুনিয়া | ১২ |
| ২৭ | দ্বিতীয় | ঝিলনা - পাতাবুনিয়া | বুড়িশ্বর-পায়রা | ৯ |
| ২৮ | দ্বিতীয় | ভেদুরিয়া ফেরিঘাট - ভোলা লঞ্চঘাট | জাঙ্গালিয়া (ভোলা) | ১৫ |
| ২৯ | দ্বিতীয় | ঘসিয়াখালী - হদেরহাট সেতু | দড়াটানা-পয়লাহারা, ভৈরব (বাগেরহাট), চিত্রা (বাগেরহাট) | ৩৫ |

| ক্রমিক নং | নৌপথের শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩০ | দ্বিতীয় | হরিনাথপুর - ভাষাণচর (বরিশাল) | নয়াভাঙ্গানি | ৩৬ |
| ৩১ | দ্বিতীয় | আমুয়া নালা | মরিচ বুনিয়া | ৮ |
| ৩২ | দ্বিতীয় | বরগুনা নালা | খাকদোন | ৬ |
| ৩৩ | দ্বিতীয় | পশ্চিম সেংগুরিয়া - ভান্ডারিয়া লঞ্চঘাট - চরাখালী | নলবুনিয়া, পোনা | ১২ |
| ৩৪ | দ্বিতীয় | কোদালপুর - হাটুরিয়া - আবুপুর | জয়ন্তী, মেঘনা (লোয়ার) | ১৪ |
| ৩৫ | দ্বিতীয় | ডামুড্যা লঞ্চঘাট - পট্টি নদী বন্দর | জয়ন্তী | ৮ |
| ৩৬ | দ্বিতীয় | মৃধারহাট - শৌল্যা লঞ্চঘাট | নয়া ভাঙ্গানি | ৭ |
| ৩৭ | দ্বিতীয় | চরবাগরজা - ভাষাণচর লঞ্চঘাট (মুলাদী) | কালাবদর | ৩ |
| ৩৮ | দ্বিতীয় | বৈঠাকাটা লঞ্চঘাট - শ্রীরামকাঠি বোটঘাট | বেলুয়া | ১৫ |
| ৩৯ | দ্বিতীয় | ভেদুরিয়া লঞ্চঘাট - ভেলুমিয়া - বোরহানউদ্দিন লঞ্চঘাট | তেঁতুলিয়া (বরিশাল), জায়া | ৪৪ |
| ৪০ | দ্বিতীয় | আবুপুর - চৌমোহনী | মেঘনা (লোয়ার) | ১৬ |
| ৪১ | দ্বিতীয় | কনকদিয়া - পশ্চিম ঝিলনা | লোহালিয়া | ৩ |
| ৪২ | দ্বিতীয় | লাহারহাট - বাকেরগঞ্জ - দাদুর হাট বাজার | খায়রাবাদ, নেহালগঞ্জ-রঙমাটিয়া | ৫২ |
| ৪৩ | দ্বিতীয় | ছাতক - টুকের বাজার - কুশী ঘাট | সুরমা | ৫৩ |
| ৪৪ | দ্বিতীয় | হড্ডা-বানিয়াখালি - মদিনাবাদ-নীলডুমুর | কপোতাক্ষ, কয়রা | ৫৬ |
| ৪৫ | দ্বিতীয় | হরিণপালা-তুষখালী | পানা | ৩ |
| ৪৬ | দ্বিতীয় | নাজিরপুর - সাহেবেরচর | আড়িয়াল খাঁ | ৬ |
| ৪৭ | দ্বিতীয় | শান্তিহার - রাজাপুর স্লুইস গেট | শাতলা-হারতা-নাথারকান্দা | ১১ |
| ৪৮ | দ্বিতীয় | শম্ভুপুরা (আল-ফালাহ বয়া) - লাঙ্গালবন্দ সেতু | ব্রহ্মপুত্র (নরসিংদী-নারায়ণগঞ্জ) | ১১ |
| ৪৯ | দ্বিতীয় | বালিখোলা ফেরিঘাট - চামড়া বন্দর | নরসুন্দা ,নাগচিন্নি | ৩ |

| ক্রমিক নং | নৌপথের শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫০ | দ্বিতীয় | শিকলবাহা বিদ্যুৎ কেন্দ্র - দক্ষিণ ইছাখালী | শিকলবাহা (মুরালি) | ৩০ |
| ৫১ | দ্বিতীয় | পোড়াকাতলা - চাপড়া (আশাশুনি) | বেতনা | ৪৩ |
| ৫২ | দ্বিতীয় | আড়ুয়া ফেরিঘাট - বারাকপুর সিদ্ধিপাশা ফেরিঘাট | মাজুতখালী | ৬ |
| ৫৩ | দ্বিতীয় | নারিকেল বাগান (রাঙ্গাবালী) - চর কাজল | কাজল, তেঁতুলিয়া | ১৬ |
| ৫৪ | দ্বিতীয় | চর মনতাজ লঞ্চঘাট/ চর কলমী - কাচারি খাল | বুড়া গৌরাঙ্গ, মেঘনা (লোয়ার) | ১৯ |
| ৫৫ | দ্বিতীয় | কালাইয়া লঞ্চঘাট অ্যাপ্রোচ চ্যানেল (উভয় প্রান্ত) | কালাইয়া, তেঁতুলিয়া (বরিশাল) | ১৬ |
| ৫৬ | দ্বিতীয় | ছোটুয়া/ জাঙ্গালিয়া - পাতারহাট | মাছকাটা | ১০ |
| ৫৭ | দ্বিতীয় | সোলাদানা বাজার - বটিয়াঘাটা সেতু | হাবারখালী, ভদ্রা, লোয়ার সালতা, লোয়ার শৈলমারী | ৩৪ |
| ৫৮ | দ্বিতীয় | মানিকদা - টেকেরহাট - গুনশি | মাদারীপুর বিল রুট, কুমার (আপার) | ৫৮ |
| ৫৯ | দ্বিতীয় | বড়দিয়া - তালবাড়িয়া (কুষ্টিয়া) | মধুমতি, গড়াই | ১৯৭ |

* এই দৈর্ঘ্য সময়ের সহিত পরিবর্তিত হইতে পারে।

## ‘গ’ অংশ
## তৃতীয় শ্রেণির নৌপথের তালিকা

| ক্রমিক নং | নৌপথের শ্রেণি | নৌপথের নাম | নদীর নাম | *নৌপথের দৈর্ঘ্য (কি.মি.) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | তৃতীয় | বাঘাবাড়ী (সড়ক সেতু) - বাদলগাছী | বড়াল, আত্রাই, গুমানি, ছোট যমুনা | ১৭৫ |
| ২ | তৃতীয় | বাঘাবাড়ী - এনায়েতপুর (উল্লাপাড়া) - মেলান্দাহ সেতু (সোনাতলা) | করতোয়া (সিরাজগঞ্জ), বিল সূর্য্য, বাঙ্গালী | ১৮৮ |
| ৩ | তৃতীয় | ধামরাই - কালিয়াকৈর - খাসকাইর বিল (জামালপুর) | বংশী | ২২৮ |
| ৪ | তৃতীয় | পাকুল্লা - বলিয়াদী বাজার - হিজলতলী সেতু | বংশী, লৌহজং | ১২ |
| ৫ | তৃতীয় | আলিপুর ঘাট - গড়াইল - কোদালিয়া | বংশী, নাঙ্গালিয়া, পুংলি, নতুন ধলেশ্বরী | ৭৪ |
| ৬ | তৃতীয় | আটপাড়া - নয়ারহাট - কালীনগর (সাভার) | ধলেশ্বরী ,বংশাই, বংশী | ১১৫ |
| ৭ | তৃতীয় | কালিয়াকৈর - কড্ডা - রুস্তমপুর | তুরাগ | ৫৩ |
